


# কীভাবে আপনার স্বাস্থ্য বীমা পুনর্নবীকরণ করবেন

নিউ ইয়র্ক সিটি মানব সম্পদ প্রশাসনের  
(HUMAN RESOURCES ADMINISTRATION) মাধ্যমে

## SOFIA -এর সাথে

01



Sofia পরামর্শ সহ তার পুনর্নবীকরণ প্যাকেটটি ডাকঘোলে পেয়েছেন তাকে অবশ্যই পুনর্নবীকরণ সম্পূর্ণ করে পুনর্নবীকরণ ফর্মের **নির্দিষ্ট তারিখের** মধ্যে সমস্ত প্রয়োজনীয় নথি (কোনও আসল নথি নয়) সহ এটি ফেরৎ পাঠিয়ে দিতে হবে।



02



Medicaid বা Medicare Savings প্রোগ্রামের যোগ্যতা নির্ধারণের জন্য প্রয়োজনীয় সমস্ত তথ্য প্রদান করে Sofia তার পুনর্নবীকরণ ফর্মটি পূরণ করেছেন।

তার কোনও প্রশ্ন থাকলে কাকে এবং কিভাবে মানব সম্পদ প্রশাসন (Human Resources Administration, HRA) এ যোগাযোগ করতে হবে তা ফর্মটিতে স্পষ্ট করে উল্লেখ করা আছে।

03



পুনর্নবীকরণ ফর্মটি সম্পূর্ণ ও স্বাক্ষর করার পরে, Sofia তার ফর্মের **নির্দিষ্ট তারিখের** মধ্যে পুনর্নবীকরণ ফর্ম এবং প্রয়োজনীয় নথিপত্র পাঠিয়ে দিয়েছেন। তিনি এটি USPS মেলের মাধ্যমে পাঠিয়েছেন, তবে এটি ব্যক্তিগতভাবে HRA-তে বা অ্যাক্সেস HRA-এর মাধ্যমে অনলাইনে পাঠানো যেতে পারে :

<https://a069-access.nyc.gov/accesshra>



04



একবার HRA কর্তৃক Medicaid বা Medicare সেভিংস প্রোগ্রামের জন্য যোগ্যতা নির্ধারণ করা হলে, Sofia কে তার পুনর্নবীকরণের উপর সিদ্ধান্ত সহ মেল করে একটি বিজ্ঞপ্তি পাঠানো হয়েছে। Sofia তার সিদ্ধান্ত পেয়েছেন এবং সফলভাবে পুনর্নবীকরণ করেছেন।

05



Sofia যদি HRA-এর সিদ্ধান্তের সাথে একমত না হন, তাহলে নোটিশে দেওয়া ফোন নম্বর ব্যবহার করে সুষ্ঠু শুনানির জন্য অনুরোধ জানাতে সিদ্ধান্তের তারিখ থেকে 60 দিন সময় আছে।

